



নেত্রকোণা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা-২৪০০, বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
Phone: +8802997735019

নম্বর: ৩৭.০১.৭২০১.০০০.০০৯.৫০.০০০৩.২৬.২০

তারিখ: ৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: বাংলা বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের বি.এ (অনার্স) ১ম বর্ষ, ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষা-২০২৫ এর সময়সূচি

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলা বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের বি.এ (অনার্স) ১ম বর্ষ, ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষা-২০২৫ নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশেষ প্রয়োজনে এই পরীক্ষার সময়সূচি পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করে।

পরীক্ষার সময়সূচি

তারিখ ও বার	সময়	কোর্স কোড	কোর্স শিরোনাম	পরীক্ষাস্থল
২৫/০২/২০২৬ বুধবার	সকাল ১০.০০টা-দুপুর ২.০০ টা পর্যন্ত	BAN-101	বাংলা ভাষার ব্যাকরণ ও প্রায়োগিক বাংলা	বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের নির্ধারিত বাংলা বিভাগের কক্ষ ২য় তলায় অবস্থিত
০১/০৩/২০২৬ রবিবার	সকাল ১০.০০টা-দুপুর ২.০০ টা পর্যন্ত	BAN-102	বাংলা কাব্য-১	
০৫/০৩/২০২৬ বৃহস্পতিবার	সকাল ১০.০০টা-দুপুর ২.০০ টা পর্যন্ত	BAN-103	বাংলাদেশ অধ্যয়ন	

বিশেষ নির্দেশাবলী:-

- পরীক্ষার্থীরা প্রবেশপত্র পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ০৩ (তিন) কর্মদিবস পূর্বে স্ব-স্ব বিভাগ থেকে সংগ্রহ করবে।
- পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
- পরীক্ষা শুরুর ০১ (এক) ঘণ্টার মধ্যে কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
- পরীক্ষার হলে মোবাইল ফোন, স্মার্ট ঘড়ি, ব্যাগ, বই, লিখিত নোট বা অন্য কোনো অননুমোদিত উপকরণ/ইলেক্ট্রনিক্স ডিভাইস বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ; এসব পাওয়া গেলে তা পরীক্ষায় শৃঙ্খলা ভঙ্গজনিত অপরাধ হিসেবে গণ্য হবে।
- প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড ছাড়া কোনোভাবেই পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।
- দায়িত্বপ্রাপ্ত শিক্ষক ও ইনভিজিলেটরগণ নকল প্রতিরোধে সর্বদা সতর্ক ও তৎপর থাকবেন।
- পরীক্ষার সময় নকল বা অনৈতিক কোনো কার্যকলাপে জড়িত পাওয়া গেলে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা পরিচালনা ও শৃঙ্খলা বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- পরীক্ষার পরিবেশ সুষ্ঠু ও নকলমুক্ত রাখতে সকলের সহযোগিতা কাম্য।
- নির্ধারিত সময়সূচি অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২২-০২-২০২৬
মোহাম্মদ এমদাদুল হক
পরীক্ষা নিয়ন্ত্রক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। ডিন, কলা অনুষদ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ২। রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ৩। চেয়ারম্যান, বাংলা বিভাগ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিবহন শাখা, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (যানবাহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। প্রোগ্রামার, আইসিটি সেল, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। পি. এস. টু ভাইস-চ্যান্সেলর, ভাইস-চ্যান্সেলর দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা শাখা, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) এবং
- ৮। অফিস নথি, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা।

